মেহেরপুরে পৃথক অভিযানে ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে পৃথক জায়গায় অভিযান চালিয়ে ১৫ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

রবিবার দিবাগত রাতে এসআই তরিকুল ইসলামের নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার আশরাফপুর গ্রাম থেকে ৫ বোতল ফেন্সিডিলসহ দুজনকে আটক করা হয়। আটককৃতরা হলো, আশরাফপুর গ্রামের আশরাফ আলীর ছেলে তাজউদ্দীন(৪২) ও একই গ্রামের ক্লাব পাড়ার মৃত নেয়ামত মন্ডলের ছেলে মনিরুল ইসলাম(৪০)।

অপরদিকে গাংনী উপজেলার সহড়াতলা গ্রামে এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে ১০ বোতল ফেন্সিডিলসহ আরও এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটক মাদক ব্যবসায়ী আশরাফুল ইসলাম(২৪) সহড়াতলা গ্রামের সেন্টু মিয়ার ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, আটক আসামীদের বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেপ্র/এমএফআর

গাংনীর দেবীপুরে মাস্ক বিতরণ

“প্রতিরোধই প্রতিকার” এই স্লোগান নিয়ে বামন্দী ইউনিয়নের দেবীপুর বাজারে সাধারণ মানুষের মধ্যে মাস্ক বিতরণ করা হয়েছে।

গতকাল রবিবার বিকেলে গাংনী উপজেলার দেবীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে বসা সাপ্তাহিক হাটে আসা সাধারণ মানুষের মধ্যে জনসচেতনতা সৃষ্টির লক্ষে সকল শ্রেণী পেশার মানুষের হাতে প্রায় ৫

শতাধিক মাস্ক তুলে দেওয়া হয়।

এসময় জিয়া সকলকে মাস্ক ব্যবহারের আহব্বান করেন। তার পাশাপাশি সমাজের বিত্তবানদের এগিয়ে আসার অনুরোধ করেন।

তিনি আরো বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে সকলকে সচতেন হতে হবে। স্বাস্থ্য বিধি মানতে হবে এর কোন বিকল্প নেই। নিজে সুস্থ থাকুন পরিবারের সদস্যদের সুস্থ রাখুন। জিয়ার মাস্ক বিতরণ কার্যক্রমে অংশ নেয় দেবীপুর গ্রামের রিন্টু সহ অনেকে। এর আগে বালিয়াঘাট গ্রামের সাধারণ মানুষের মাঝে মাস্ক বিতরণ করা হয়েছে।

কৃষি ব্যাংকের ঋণ করিয়ে দেওয়ার নামে অর্থ আত্মসাতের অভিযোগ

মেহেরপুরের গাংনীতে কৃষি ব্যাংকে ঋণ করে দেওয়ার নামে শতাধিক ব্যক্তির কাছ থেকে অর্থ আত্মসাতের অভিযোগ উঠেছে নজিমউদ্দিন(৪৫) নামের এক ব্যক্তির বিরুদ্ধে।

অভিযুক্ত নজিমুদ্দিন উপজেলার রামনগর গ্রামের মৃত আফসার আলীর ছেলে। এলাকাবাসী ও ভুক্তভোগীরা জানিয়েছে, রামনগর, ভবানীপুর, নওদা ও মটমুড়া গ্রামের শতাধিক ব্যক্তির কাছ থেকে কৃষি ব্যাংকে ঋণ করিয়ে দেওয়ার নামে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিয়েছে নজিমউদ্দিন। এজন্য প্রতিদিনি পাওনাদাররা টাকা ফেরত পেতে নজিমদ্দীনের বাড়িতে ধরনা ধরে।

আজ কাল করে হয়রানী করছে নজিমদ্দীন। এমনকি নজিমউদ্দিনের মোবাইলে ফোন দিলেও সে ফোন রিসিভ করে না। ভুক্তভোগী রামনগর গ্রামের আজগর আলী জানান, পবিত্র ঈদ-উল ফিতরের আগে আমাকে কৃষি ঋণ করে দেওয়ার নামে নজিমউদ্দিন ৩হাজার ৫’শ ও আমার জমির দলিল নিয়েছে। টাকা ও জমির দলিল ফেরত দিচ্ছে না।

আরেক ভুক্তভোগী ভবানীপুর গ্রামের লালটু হোসেন জানান, আমাকে কৃষি ব্যাংকে ঋণ করিয়ে দেওয়ার প্রলোভনে আমার কাছ থেকে দফায় দফায়

৪২ হাজার টাকা নিয়েছে। সে আমার টাকা ফেরত দিতে গড়িমসি করছে। প্রথমে নজিমদ্দীন তার দ্বায় অস্বীকার করে। পরে সে তার দ্বায় স্বীকার করে বলে, আমি কৃষি ব্যাংকে ঋণ করে দেওয়ার জন্য টাকা নিয়েছি। আমি সেই টাকা জুয়া খেলায় হেরে গেছি।

তাদের টাকা কখন ফেরত দেবে সাংবাদিকের এমন প্রশ্নের জবাবে সে বলে, আমার যখন সুবিধা মনে হবে তখন আমি টাকা ফেরত দিব। নজিমউদ্দিনের ছেলে তারিক জানান, আমার বাবা কৃষি ব্যাংকের ঋণ করে দেওয়ার জন্য টাকা নিয়েছে, তাতে আপনাদের(সাংবাদিকের) সমস্যা কোথায়।

স্থানীয় মেম্বর হাবিল উদ্দিন জানান, আমি জানি নজিমউদ্দিন কৃষি ব্যাংকে ঋণ করে দেওয়ার নামে টাকা নিয়েছে। কিন্তুু কতজনের কাছে থেকে টাকা নিয়েছে আমার জানা নেই। আমাকে বেশ কয়েক জন জানিয়েছে নজিমউদ্দিন কৃষি ব্যাংকে ঋণ করে দেওয়ার নামে টাকা নিয়েছে। সেই টাকা চাইতে গেলে সময়ের পর সময় দিয়ে আছে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আরএম সেলিম শাহনেওয়াজ জানান, বিষয়টি আমি খোঁজখবর নিয়ে দেখছি, সত্যতা পেলে ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে নববধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের চেংগাড়া গ্রামে ঘরের আড়ার সাথে নাসিমা খাতুন (১৫) নামের এক নববধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। তবে এটি হত্যা নাকি আত্মহত্যা তা এখনো নিশ্চিত নয়।

রবিবার দুপুর সাড়ে ১২টার দিকে স্বামীর ঘরের আড়ার সাথে ঝুলন্ত অবস্থায় নাসিমার মরদেহ উদ্ধার করে গাংনী থানা পুলিশ। নববধূ নাসিমা খাতুন চেংগাড়া গ্রামের সাকিল হোসেনের স্ত্রী। নববধুর লাশ উদ্ধারের পর থেকে স্বামী শাকিল আত্মগোপনে রয়েছে।

নাসিমা খাতুনের মা বিলকিছ খাতুন জানান, কয়েক মাস আগে আমার মেয়ে

নাসিমার বিয়ে দিই একই গ্রামের শাকিলের সাথে। আমার মেয়ে বয়সে খুবই ছোট। সে সংসারের সব কাজ করতে পারে না। বিয়ের পর থেকে আমার জামাতা প্রায়ই যৌতুক দাবি করে। যৌতুকের দাবি পূরণ করতে পারিনি। এ কারণে সে আমার মেয়েকে শারীরিক ভাবে নির্যাতন করে। তার দাবি পূরণ করতে পারিনি বলে আমার মেয়েকে আগে লাঠি দিয়ে মেরেছে পরে শ্বাসরোধে হত্যা করে নিজের দোষ আড়াল করার জন্য লাশ ঘরের আড়ার সাথে ঝুলিয়ে রেখেছে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, লাশ উদ্ধার করা হয়েছে। মারা যাওয়ার প্রকৃত কারণ খুঁজে বের করার জন্য পুলিশ কাজ করছে।

গাংনী সীমান্তে ভারতীয় মদ ও ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুরের গাংনী সীমান্তে ভারতীয় মদ ও ফেন্সিডিল উদ্ধার করেছে বিজিবি।

শনিবার বিকালে কাজিপুর ব্রিজ বাজার নামক স্থানে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে মালিকবিহীন অবস্থায় ভারতীয় ২০ বোতল বেঙ্গল টাইগার মদ এবং ৩০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক জানান, কাজিপুর বিওপি’র টহল কমান্ডার সুবেদার মোঃ জাহাঙ্গীর কবির এর নেতৃত্বে বাংলাদেশের অভ্যন্তর থেকে ফেন্সিডিল ও মদ উদ্ধার করা হয়।

গ্রামে গ্রামে গিয়ে

শিক্ষার্থীদের সময় দিচ্ছেন শিক্ষকরা

করোনাকালে শিক্ষার্থীদের মেধা বিকাশ ও পড়াশোনার প্রতি মনোযোগী করে তুলতে বিশেষ উদ্যোগ নিয়েছেন মেহেরপুরের গাংনীর চিৎলা মাধ্যমিক বিদ্যালয় কর্তৃপক্ষ। বিদ্যালয়ের পৃথক পৃথক টীম গ্রামে গ্রামে গিয়ে শিক্ষার্থীদেরকে পড়াশোনার খোঁজ নিচ্ছেন ও পড়াশোনার প্রতি আগ্রহী করে তুলতে মতামত দিচ্ছেন। শিক্ষকদের এ উদ্যোগকে স্বাগত জানিয়েছেন অভিভাবক ও সচেতন মহল।

শনিবার সকাল থেকে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্কাছ আলীর নেত্বৃতে ঢেপা গ্রামের শিক্ষার্থীদের মাঝে স্বাস্থ্যবিধি মেনে পড়াশোনা করার নির্দেশনা দেওয়া হয়। এসময় সিনিয়র শিক্ষক রফিকুল ইসলাম, সিনিয়র শিক্ষক মি. প্রভুদান সরকার, সিনিয়র শিক্ষক মজনুর রহমান, সহকারি শিক্ষক সাধন কুমার মন্ডল ও সহকারী শিক্ষক আবু ছালের একটি দল সেখানে উপস্থিত ছিলেন ।

মেহেরপুরের গাংনী উপজেলার ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান চিৎলা মাধ্যমিক বিদ্যালয়। বিদ্যালয়ে ৪৫০ জন শিক্ষার্থী রয়েছে। করোনা ভাইরাসের কারণে বিদ্যালয়টি বন্ধ ঘোষণা করা হয়। শিক্ষার্থীরা কে কী করছে এবং বিদ্যালয়ের এ ঐতিহ্য ধরে রাখতে কী করণীয় সে ব্যাপারে বিদ্যালয় পরিচালনা পরিষদের সদস্যদের নিয়ে আলোচনা করা হয়। বিদ্যালয় বন্ধের কারণে অনেক শিক্ষার্থী পড়াশোনায় পিছিয়ে পড়তে পারে আশঙ্কায় ব্যতিক্রমি উদ্যোগ নেন তারা। শিক্ষাথীদের খোঁজ খবর নেন এবং পড়াশোনার প্রতি আগ্রহী হবার পরামর্শ দেন। সেই সাথে অভিভাবকদেরও সচেতন হবার জন্য অনুরোধ করেন।

প্রধান শিক্ষক আক্কাছ আলী বলেন, শিক্ষার্থীদেরকে শিক্ষার প্রতি মনোযোগী করতে নানামুখী পদক্ষেপ নেয়া হচ্ছে। তাদেরকে বোঝানো হচ্ছে। অভিভাবকদেরকেও সচেতন করা হচ্ছে।

গাংনী যুবদলের সাবেক সভাপতি’র পরিবারকে দলের পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদান

গাংনী উপজেলা বিএনপির উদ্যোগে গাংনী উপজেলা যুবদলের সভাপতি ও জেলা বিএনপির সম্পাদক মন্ডলীর সদস্য মরহুম আক্তারুজ্জামান আক্তারের রুহের মাগফিরাত কামনায় স্বরনসভা ও পরিবারের মাঝে আর্থিক সহযোগিতা প্রদান করা হয়।

অনুষ্ঠানে গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক মাস্টার এর সভাপত্বিতে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি সিরাজুল ইসলাম চেয়ারম্যান, আব্দুল হামিদ, আদনান মাস্টার, জেলা বিএনপির যুগ্ন সম্পাদক আব্দুল আওয়াল, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও সাবেক ভাইস চেয়ারম্যান জুলফিকার আলী ভুট্টো, গাংনী উপজেলা বিএনপির সাধারন সম্পাদক মোঃ আসাদুজ্জামান বাবলু, বিএনপি নেতা মোঃ আব্দুল্লাহ, জেলা কৃষকদলের সাধারন সম্পাদক ও ধানখোলা ইউনিয়নের চেয়ারম্যান আখের আলী, ষোলটাকা ইউনিয়নের চেয়ারম্যান মনিরুজ্জামান।

মহিলা দলের সাধারন সম্পাদক লাইলা আক্তার বানু, উপজেলা মহিলা দলের সাধারন সম্পাদক নাজমা আক্তার, জেলা যুবদলের সহসভাপতি আব্দাল হক, গাংনী যুবদলের আহবায়ক চপল বিশ্বাস সদস্য সচিব মোঃ জাহিদ, গাংনী পৌর যুবদলের আহবায়ক সাইদুল হক, সদস্য সচিব এনামুল হক, পৌর যুবদলের সহ সভাপতি মোঃ জামালউদ্দীন ও জেলা ছাত্রদলের সহ সভাপতি সাজেদুর রহমান বিপ্লব এবং মরহুম আক্তারুজ্জামের ছোট ভাই সুজন উপস্থিত ছিলেন।

সঞ্চালনায় ছিলেন, জেলা যুবদলের সহ সভাপতি আব্দাল হক। সভাপতির বক্তব্য রেজাউল হক মাস্টার জানান, বিএনপির এই দুর্দিনে দল জাভেদ মাসুদ মিল্টনের নেতৃত্বে বিপদগ্রস্থ সকল নেতাকর্মীর পাশে থাকবে। আক্তারুজ্জামানকে বিএনপির নিবেদিত কর্মী ও নেতা উল্লেখ করে তার পরিবারের পাশে থাকার অঙ্গীকার করেন।

তিনি বলেন আজ এই অনুষ্ঠানে জাভেদ মাসুদ মিল্টন আসার কথা থাকলেও পারিবারিক সমস্যার কারনে আসতে পারেননি। কয়েকদিন পর তিনি এসে এই পরিবাবের সাথে দেখা করবেন ও আর্থিক সহযোগিতা প্রদান করবেন।

গাংনী উপজেলা বিএনপি ও বিভিন্ন অঙ্গসংগঠনের নেতাকর্মীদের সহযোগিতায় আক্তারুজ্জামানের পরিবারকে ২লাখ টাকার আর্থিক সহযোগিতা প্রদান করেন। পরিবারের পক্ষ থেকে সুজন দলের সবাইকে এই পরিবারের পাশে থাকার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান ।

গাংনীতে ৪ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ৪ কেজি গাঁজা সহ সাজাহান আলী মন্ডল নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব।

শুক্রবার বিকাল ৪ টায় উপজেলার তেরাইল গ্রাম থেকে তাকে আটক করা হয়। সে কুষ্টিয়া জেলার দৌলৎপুর উপজেলার ডাঙ্গের বাজার এলাকার আজিজুল হক মন্ডলের ছেলে।

র্যাব ৬ ঝিনাইদহ ক্যাম্পের এস আই বাবুল জানান,তেরাইল গ্রাম দিয়ে গাঁজা পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে ক্যাম্প কমান্ডার এএসপি শফিকুর রহমানের নেতৃত্বে অভিযান চালিয়ে সাজাহান আলী মন্ডলকে আটক করা হয়।

এসময় তার কাছ থেকে ৪ কেজি গাঁজা উদ্ধার করা হয়। আটককৃত’র বিরুদ্ধে গাংনী থানায় মামলা দায়ের পূর্বক হস্তান্তর করা হয়েছে।

গাংনী থানার ডিউটি অফিসার এস আই হাবিব জানান, র্যাব কর্তৃক আটককৃত আসামীকে মাদক মামলায় মেহেরপুর আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনীতে অজ্ঞান পার্টির সদস্য গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে মিজানুর রহমান নামের অজ্ঞান পর্টির এক সদস্যকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।
শনিবার সকালে গাংনীর বামুন্দি বাজারের একটি দোকান থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতার কৃত মিজানুর রহমান (৩৫) বগুড়া জেলার আদমদিঘি উপজেলার সুদিন সর্দার পাড়া গ্রামের মৃত কোরায়েশ সর্দারের ছেলে।

পুলিশ জানায়, কুষ্টিয়ার দৌলতপুর থানার হোসেনাবাদ গ্রামের সাইফুল ইসলাম মোল্লার ছেলে মরিচ ব্যাবসায়ী জহুরুল ইসলামকে শ্যামলী পরিবহনে অচেতন নাশক ওষুধ দিয়ে তার সর্বস্ব ছিনিয়ে নেয়। এঘটনায় একটি মামলা দায়ের করেন জহুরুল ইসলাম। মামলার ভিত্তিতে গাংনী থানার এসআই মোস্তফা জামান তাকে গ্রেফতার করে শনিবার জেল হাজতে প্রেরণ করেছেন।

উল্লেখ্যঃ বৃহস্পতিবার সকালে হোসনেবাদ গ্রামের জহুরুল ইসলামকে গাংনী উপজেলার বাওট বাজারে অচেতন অবস্থায় পড়ে থাকতে দেখে স্থানীয়রা। স্থানীয় লোকজন জানান, বৃহস্পতিবার ভোরে শ্যামলী পরিবহন থেকে তাকে নামিয়ে গাংনী উপজেলার বাওট বাজারে রেখে গেছে পরিবহনের লোকজন। মেহেরপুরের বিভিন্ন আড়ৎ থেকে মরিচ কিনে ঢাকায় নিয়ে যেতো সে। মরিচ কেনার জন্য এক লক্ষ চল্লিশ হাজার টাকা তার নিকট ছিল বলে জানিয়েছে স্থানীয়রা।

সাহারবাটিতে মোটর শ্রমিক ও ইমারত শ্রমিকদের মধ্যে প্রীতি

ফুটবল ম্যাচ

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটিতে মোটর শ্রমিক ইউনিয়ন ফুটবল একাদশ ও ইমারত নির্মাণ শ্রমিক ফুটবল একাদশ এর প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেল ৪ টার সময় গাংনী উপজেলা মটর শ্রমিক ইউনিয়ন ও ইমারত নির্মাণ শ্রমিক সমিতি’র মাঝে এ ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম ফারুক এ ফুটবল খেলার আয়োজন ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন ঘোষণা করেন।

১ ঘন্টা ৩০ মিনিট খেলা শেষে ইমারত নির্মাণ শ্রমিক সমিতির খেলোয়াড়রা ৩-০ গোলে মটর শ্রমিক ইউনিয়ন কে পরাজিত করে।

খেলায় ম্যান অফ দ্যা ম্যাচ হবার গৌরব অর্জন করেন খেলোয়ার রাসেল, সেরা গোলদাতা ইমরান আলী, সেরা গোলরক্ষক আব্দুর রাজ্জাক ও সেরা ডিফেন্ডার দিলবার হোসেন। পরে উভয় দলের সকল খেলোয়ারকে সম্মাননা মেডেল ও সম্মিলিতভাবে নিজ নিজ দলের ট্রফি প্রধান অতিথির নিকট থেকে গ্রহণ করে। এ সময় জেলা ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি কদর আলী, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, কোষাধ্যক্ষ জুয়েল, উপজেলা ইমারত শ্রমিক ইউনিয়নের সভাপতি হাফিজুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক আরিফুজ্জামান, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক রায়হান উজ্জামান নিরবসহ এলাকার ক্রীড়ামোদীরা উপস্থিত ছিলেন।

খেলার মাঠের চতুর্দিকে দর্শকদের উপচে পড়া ভিড় এ খেলা পরিচালনা করেন ফুটবল মাঠের সাধারণ সম্পাদক আরাফাত হোসেন শাহীন। তাকে সহযোগিতা করেন মাসুম ও বাচ্চু। ধারাবিবরণীতে ছিলেন মোশারফ হোসেন ও সাহাবুল ইসলাম।